Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 28 June, 2025

বলিউডের নবাব পরিবারের কন্যা সারা আলি খান যখন রুপালি পর্দায় পা রাখেন, তখনই দর্শক ও সংবাদমাধ্যমে আলোচনার কেন্দ্রবিন্দুতে উঠে আসেন। অভিষেকেই নজর কাড়েন তিনি।তবে খুব বেশি সময় যায়নি—অভিনয়জীবনের শুরুতে পাওয়া জনপ্রিয়তা ধীরে ধীরে চাপা পড়ে যেতে শুরু করেছে সমালোচনার ভারে।

বর্তমানে সামাজিক মাধ্যমে সারাকে নিয়ে একের পর এক ট্রল ও মিম ছড়ানো হচ্ছে। তাঁর অভিনীত সিনেমাগুলোর অনেকটাই বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছে।একাংশের দাবি, কখনো তাঁর সংলাপ বলার ধরণ, কখনো পোশাক, কখনো বা শিবভক্তির প্রকাশ—সব কিছুতেই ‘ভুল’ খুঁজে ফিরছেন সমালোচকেরা।

এমন পরিস্থিতিতে সারা বারবার জানিয়েছেন, এসব সমালোচনা তিনি মানসিকভাবে সামলে নিতে পারেন।কিন্তু তাঁর মা, প্রাক্তন অভিনেত্রী অমৃতা সিংহ ঠিক ততটা শক্ত না।জানা গেছে, অমৃতা সব মন্তব্য খুঁটিয়ে পড়েন—আর সেখান থেকেই মানসিকভাবে আঘাত পান। যদিও মেয়ের সামনে তিনি কখনোই নিজের কষ্টের কথা প্রকাশ করেন না।

ইনস্টাগ্রামে সারা বরাবরই সক্রিয়। নানা রঙের ফটোশুট, ট্রাভেল ডায়েরি কিংবা ব্যক্তিগত জীবনের মুহূর্ত—সবই ভাগ করে নেন অনুসারীদের সঙ্গে। শুরুতে এসব পোস্টে ভক্তদের ভালোবাসা পেলেও, এখন অনেক সময়ই কটাক্ষের শিকার হন তিনি।

তবে এ কঠিন সময়েও সারা যেন শক্তভাবে দাঁড়িয়ে আছেন, তাতে ভক্তদের একাংশ

আশাবাদী। আর তার জন্যই হয়তো মা অমৃতা প্রতিদিন নতুন করে নিজেকে সংযত রাখছেন—মেয়েকে আঘাত না দিতে চুপ করে সহ্য করছেন সবকিছু।

সারা আলি খান অমৃতা সিংহ বলিউড ট্রল মিম ইনস্টাগ্রাম

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:48

URL: https://www.timestodaybd.com/entertainment/3832951858